নমুনা প্রশ্নপত্র/ Sample Question Paper

উচ্চ মাধ্যমিক / Senior Secondary

বাংলা (৩০৩) / Bengali (303)

সময়: 3 ঘন্টা পূর্ণ মান: 100

1.সমগ্র প্রশ্নপত্রটি তিন ভাগে বিভক্ত।

2.এখানে মোট 18 টি প্রশ্ন রয়েছে।

3.সব প্রশ্ন বাধ্যতামূলক।

4.প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।

5.প্রশ্ন সংখ্যা 1 থেকে 7 এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য ১ নম্বর করে ধার্য করা হয়েছে। এগুলি মূলত এক শব্দ বিশিষ্ট প্রশ্ন, সত্য - মিথ্যা ছক মেলানো, শূন্যস্থান পূরণ জাতীয়।

6. বিভাগ গ - এ 2, 5 ও 6 নম্বরের প্রশ্ন আছে।

7. মডিউল 1 অথবা মডিউল 2 এর সমস্ত প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।

## বিভাগ ক

1. পাঠক্রম অবলম্বনে প্রথম তালিকার সাথে দ্বিতীয় তালিকার সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন।

1 x 4 = 4

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a) সব্যসাচী | i) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় |
| b) নারী | ii) নবনীতা দেবসেন |
| c) নাজমা | iii) কাজী নজরুল ইসলাম |
| d) আরণ্যক | iv) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |

2. নিম্নোক্ত লাইনগুলি বিড়াল প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে। এগুলি ক্রমানুসারে সাজান। 1 x 4 = 4

থামো ! থামো মার্জারপন্ডিত।

সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধন বৃদ্ধি।

আমি তোমার ধর্মের সহায়।

পরোপকারী পরম ধর্ম।

3.‘অনাচার’ গল্প থেকে গৃহীত নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ-অশুদ্ধ বিচার করে, সংকেত থেকে সঠিক উত্তরটি নির্ণয় করুন।

1x 4 = 4

i) শুক্লপক্ষে সারা বছরে সব থেকে বেশি কেরোসিন খরচের প্রয়োজন পড়ে ।

ii) সতীশ কুন্ডুর বয়স ৬০ বছর ।

iii) সত্যপিসি নারায়ণ নারায়ণ করতে করতে এলেন ।

iv) মহাকবি কালিদাসের কুমার সম্ভব থেকে একটি মূল্যবান প্রবাদ গ্রহণ করা হয়েছে ।

a) শুদ্ধ শুদ্ধ শুদ্ধ শুদ্ধ

b) অশুদ্ধ অশুদ্ধ অশুদ্ধ অশুদ্ধ

c) অশুদ্ধ শুদ্ধ অশুদ্ধ শুদ্ধ

d) শুদ্ধ অশুদ্ধ শুদ্ধ অশুদ্ধ

4.নিম্নোক্ত প্রথম তালিকা শব্দের সাথে দ্বিতীয় তালিকায় দেওয়া শব্দের ধরণ সঠিকভাবে নির্বাচন এবং উত্তর চয়ন করুন ।

1 x 4 = 4

| প্রথম তালিকা | দ্বিতীয় তালিকা |
|---|---|
| a) স্কুল | i) মিশ্র শব্দ |
| b) স্কুল শিক্ষক | ii) বিদেশী শব্দ |
| c) শিক্ষক | iii) অর্ধতৎসম শব্দ |
| d) পুরুত | iv) তৎসম শব্দ |

5. বন্ধনী অন্তর্ভুক্ত শব্দভান্ডার থেকে যে কোনো একটি শব্দের দ্বারা শূন্যস্থান পূরণ করুন ।  1x 4 = 4

a) “বেদনার যুগ, _________ যুগ, সাম্যের যুগ আজি,” (মানুষের, সংগ্রামের, দুঃখের, হিংসার, প্রতিশোধের ,সুখের)

b) “সেই মেয়েটির স্বামী বয়সে _______” (অশীতিপর বৃদ্ধ, মাঝ বয়সী, তরুণ যুবক, নব্যকিশোর)

c) “নতুন শিক্ষার্থী লেখে তার ______ অক্ষর ” (বাল্যশিক্ষার, প্রাপ্তবয়স্কের অভিজ্ঞতার, বাস্তবশিক্ষার, বিদ্যালয়ে উপার্জিত শিক্ষার)

d) “________ চতুর্দৌল নিকটে আনিলো” (রত্নময়, স্বর্ণময়, রৌপ্যময়, মণিময়)

e) মধ্যযুগের গীতিকাব্য _____ ভাগ । (দুটি/ তিনটি/ চারটি/ পাঁচটি)

6. নিম্নোক্ত মন্তব্যগুলি থেকে শুধুমাত্র সত্য মন্তব্যটি বিচার করে নির্দেশ করুন ।  1 x 6 = 6

a) নাজমার স্বামীর নাম আজিজ ।

b) ‘নাজমা’ কবিতায় যানবাহন হিসেবে সাইকেলের উল্লেখ করা হয়েছে ।

c) ‘প্রশ্ন’ কবিতায় বাদ্যযন্ত্র হিসেবে বাঁশির উল্লেখ পাওয়া যায় ।

d) পদ্মাবতী সিংহল রাজ গন্ধর্ব সেনের কন্যা ।

e) ‘নারী’ কবিতার মূল বিষয়বস্তু সমাজে নারীর মর্যাদা ও সম্মানের কথা বলা ।

f) ‘বাংলা ভাষা উচ্চারিত হলে’ কবিতায় বারান্দাতে পূর্ণিমার আলো পড়েছিল ।

g) ‘মেঘনাদ বধ’ কাব্য অমিত্রাক্ষর ছন্দে রচিত ।

**7. ব্যাসবাক্য করে সমাস নির্ণয় করুন ।** 1 x 4 = 4

a) পুত্রবধূ

b)ভাষান্তর

c) মরাকান্না

d) সত্যবাদী

e) আধময়লা

f) নীলকমল

g) কীর্তিমন্দির

h) পীতাম্বর

<u>বিভাগ খ</u>

**8. নির্দিষ্ট উত্তরটি চয়ন করুন । (যে কোনো 4 টি)** 1 x 4 = 4

i) ‘বিড়াল’ প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে -

a) কালান্তর b) কমলাকান্তের দপ্তর c) সবুজপত্র d) যুগান্তর

ii) কমলাকান্ত মনে করে বিড়ালের না বোঝার অধিকার আছে কারণ সে -

a) মূর্খ b ) দরিদ্র c ) সুবিচারক d ) অবিবেচক

iii) ‘মার্জার’ আসলে –

a) বিড়াল b) বাঘ c) কুকুর d) যেকোনো গৃহপালিত পশু

iv) দুধ দিয়ে গিয়েছিল যে গোয়ালিনী তার নাম

a) প্রসন্ন। b) দুখী। c) রামী d) নাম উল্লেখ করা নেই

v) কমলাকান্তের মতে সমাজের ধনবৃদ্ধির অর্থ

a) ধনীর ধনবৃদ্ধি। b) গরিবের ধনবৃদ্ধি c) ধনীর ধনহ্রাস d) গরিবের ধনহ্রাস

**9. সঠিক উত্তর বেছে নিয়ে নিচের তথ্যগুলি পুরণ করুন।(যে কোনো 16 টি)** 1 x 16 = 16

i) কবিতার দুটি দিক। একটি বিষয়বস্তুর দিক। দ্বিতীয়টি -

a) রূপগত দিক b) গুণগত দিক c) বিশ্লেষণাত্মক দিক d) বর্ণনাত্মক দিক

ii) 'নৃপ গলে দিতে কন্যা মাগে বরমালা' - কন্যাটি হলেন

a) মহাদেবী b) পদ্মাবতী c) ইরাবতী d) রম্ভাবতী

iii) "লুপ্ত করেছে আমার _______ দুঃস্বপনের তলে"

শূন্যস্থানে বসানোর জন্য সঠিক শব্দটি বেছে নিন।

a) জীবন b) ভুবন c) দুঃখ d) যন্ত্রণা

iv) সুভাষ কাকিমা যার পুত্রবধূ ছিলেন -

a) খগেন খুড়োর b) গিরিশ খুড়োর c) রামধন খুড়োর d) গিরিন্দ্র খুড়োর

v) লাল পাহাড় গদ্যাংশ যে পশুর মেলার উল্লেখ করা হয়েছে -

a) গরুর মেলা b) মহিষের মেলা c) ছাগলের মেলা d) মোরগের মেলা

vi) সাঁতার দিয়ে যে নদী পার করার কথা বলা হয়েছে 'সব্যসাচী' গল্পে

a) পদ্মা b) গঙ্গা c) ভাগীরথী d) মহানন্দা

vii) 'আইয়ামে জাহেলিয়াত' কথার অর্থ –

a) তামসিক যুগ b) অন্ধকার যুগ c) আধুনিক যুগ d) প্রাচীন যুগ

viii) 'আনাচার' গল্পে 'সাফাই' শব্দের অর্থ -

a) পরিষ্কার করা b) ঝাড়ু দেওয়া c) অপরাধ অস্বীকার করার বাহানা

d) অন্যায়কে প্রশ্রয় দিয়ে পুনরায় অন্যায় করা

ix) আন্টার্টিকার অপর নাম -

a) ওয়েমেডেল সাগর b)সুমেরু c) কুমেরু d) হিমালয় প্রদেশ

x) মহিলা অভিযাত্রীর নাম -

a) সন্দীপ্তা b)সুদীপ্তা c) প্রদিপ্তা d) সঙ্গীতা

xi) 'আরণ্যক' গল্পে যে কালের উল্লেখ আছে –

a) শীত b) গরম c) বসন্ত d) শরৎ

xii) বারুণী থাকে –

a) গঙ্গাসাগরের বুকে b) ভারতমহাসাগরের বুকে c) বঙ্গোপসাগরের বুকে d) আরবসাগরের বুকে

xiii) সৈয়দ আলাওলের সমকক্ষ আরেকজন কবি হলেন -

a) জ্ঞানদাস b) দৌলতকাজী c) চৈতন্যদেব d) বিদ্যাপতি

xiv) "বাংলাভাষা" উচ্চারিত হলে"-কবিতায় কবি জোৎস্নার সঙ্গে কিসের তুলনা করেছেন ?

a) মেঘের b) ফুলের c)উজ্জ্বলতার d) চন্দনের

xv) "বাংলাভাষা" উচ্চারিত হলে"-কবিতায় বাউল যা বাজান

a) একতারা b) দোতারা c) খঞ্জনি d) করতাল

xvi) প্রশ্ন কবিতায় উন্মাদ বালককে যন্ত্রণায় ছুটতে দেখেছেন -

a)ভগবান b) ভগবানের দূত c) কবি d) নিরীহ বন্দীরা

xvii) সব্যসাচীর বয়স

a) ২০-২১ b) ৩০- ৩১ c) ২০-২২ d) ৩০-৩২

xviii) অতীতের বোঝা গদ্যটি রচনা করেছেন-

a) ওয়াজেদ আলী b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর c) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় d) আব্দুল কাফির

xix) মমতাজ ও শাজাহান এর স্মৃতি বহন করে চলেছে যে শৌধটি

a) লালকেল্লা b) লোটাস মহল c) বিবি কা মাকবারা d) তাজমহল

xx) শস্যের অধিষ্ঠাত্রী দেবী হলেন -

a) লক্ষ্মী b) সরস্বতী c) অন্নপূর্ণা d) দুর্গা

## বিভাগ গ

**10. নিম্নোক্ত যে কোনো 3 টি প্রশ্নের একটিমাত্র শব্দে উত্তর লিখুন ।** 2 x 3 = 6

a) 'টেরা ইনকোগনিটা' শীর্ষক রচনায় কোন অভিযানের অমূল্য অভিজ্ঞতার কথা ব্যক্ত করা হয়েছে ?

b) 'প্রশ্ন' কবিতায় কোন তিথির কথা উল্লেখ করা হয়েছে ?

c) যে যুগে উন্নতির প্রবাহ বন্ধ হয়েছে তাকে ইউরোপে কোন যুগ নামে অভিহিত করা হয় ?

d) 'পদ্মাবতী' কাব্যগ্রন্থে একটি শুক পাখির কথা আছে । পাখিটি কার পোষ্য ?

**11. নিম্নোক্ত যে কোনো 4টি প্রশ্নের একটিবাক্যে উত্তর লিখুন ।** 2 x 4 = 8

a) 'কালাপাহাড়' গল্পের অন্তর্গত 'উ আর দেখে কাজ নাই' কথাটি কে বলেছে ?

b) কালাপাহাড় উন্মাদ হয়ে গিয়েছিল কেন ?

c) বিবাহমঙ্গল কথাটির অর্থ কি ?

d) বাংলা মঙ্গলকাব্য কটি শ্রেণীতে বিভক্ত করা যায় এবং কি কি?

e) চৈতন্য পরবর্তী এবং পূর্ববর্তী সময়ের একজন করে কবির নাম লিখুন ।

**12. নিম্নোক্ত বাক্যগুলি বন্ধনীয় অন্তর্ভুক্ত সংকেত অনুসারে রূপান্তর করুন । (যে কোনো 3 টি)** 2 x 3 = 6

a) মরা লোকে তো আর কথা কয় না । (জিজ্ঞাসাসূচক বাক্য)

b) সত্যবাবু চুপ করে রইলেন। (নাবাচক বাক্য)

c) যারা পড়ছিল তারা আপন হয়েছে। (সরল বাক্য)

d) কথাটা একটুও মিথ্যে নয়। (ইতিবাচক)

e) পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নাম কে না শুনেছে? (নির্দেশক বাক্য)

f) বৃষ্টি হলে ভেজা যাবে না। (জটিল বাক্য)

g) এমন কাজ করা উচিত নয়। (অনুজ্ঞাসূচক বাক্য)

h) তোমার বড়ই সাহস। (বিস্ময়সূচক বাক্য)

**13. নিম্নোক্ত বাক্যগুচ্ছকে সাধু ভাষায় রূপান্তরিত করুন।** 6

কচি ছেলে তুমি, তোমাকে এত দূরে ঘর - দোর - মা - বোন ছেড়ে আসতে হয়েছে আর আমাকে হতে পারে না? পকেট হইতে ঘড়ি বাহির করিয়া দেখিয়া কহিলেন, আমার সময় নেই কিন্তু তোমার তো অফিসে যাবার এখনো ঢের দেরি আছে চল না বাবা, পথে যেতে যেতে দুটো কথা শুনি। কতকাল যে তোমাদের খবর নিতে পারিনি তার ঠিক নেই।

**14. ফাইলে নোট ম্যাপ দেওয়ার সময় কি কি নিয়ম মেনে চলা দরকার তা বিবৃত করুন।** 4 x 1= 4

**15.নিচের অনুচ্ছেদটি / কবিতার অংশটি পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন।** 5 x 1= 5

তোমার ন্যায়ের দন্ড প্রত্যেকের করে
অর্পণ করেছ নিজে প্রত্যেকের পরে
দিয়েছ শাসন ভার হে রাজাধিরাজ
যে গুরু সম্মান তবে সে দুরূহ কাজ
নমিয়া তোমারে যেন শিরোধার্য করি
সবিনয়ে তব কার্যে যেন নাহি দড়ি,
কভু কারে ক্ষমা যেথা ক্ষীন দুর্বলতা
হে রুদ্র নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি উঠে খড়খরগো সম
তোমার ইঙ্গিতে যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান
অন্যায় যে করে অন্যায় যে সহে

তব ঘৃণা তারে যেন তৃণ সম দহে

অথবা

বর্তমান সভ্যতায় দেখি, এক জায়গায় একদল মানুষ অন্য উৎপাদনের চেষ্টায় নিজের সমস্ত শক্তি নিয়োগ করছে, আর - এক জায়গায় আর - এক দল মানুষ স্বতন্ত্র থেকে সেই অন্নে প্রাণধারণ করে | চাঁদের যেমন একপিঠে অন্ধকার, অন্য পিঠে আলো, এ সেই রকম | এক দিকে দৈন্য মানুষকে পঙ্গু করে রেখেছে - অন্য দিকে ধনের সন্ধান, ধনের অভিমান, ভোগবিলাস সাধনের প্রয়াসে মানুষ উন্মত্ত | অন্নের উৎপাদন হয় পল্লীতে, আর অর্থের সংগ্রহ চলে নগরে | অর্থ - উপার্জনের সুযোগ ও উপকরণ যেখানেই কেন্দ্রীভূত, স্বভাবতই সেখানে আরাম আরোগ্য আমোদ ও শিক্ষার ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়ে অপেক্ষাকৃত অল্পসংখ্যক লোককে ঐশ্বর্যের আশ্রয় দান করে | পল্লীতে সেই ভোগের উচ্ছিষ্ট যা - কিছু পৌঁছয় তা যৎকিঞ্চিত |

**16. যে কোনো একটি বিষয় অবলম্বনে একটি প্রতিবেদন রচনা করুন |** 5 x 1= 5

ক) শীতকাল উপলক্ষে আপনার পাড়ার ক্লাবের উদ্যোগে দরিদ্র মানুষদের বস্ত্র বিতরণ বিষয়ক একটি প্রতিবেদন রচনা করুন |

অথবা

খ) বর্তমান সমাজে মোবাইল মানুষের সামাজিক সম্পর্ক থেকে দূরত্ব বজায় রাখার কারণ হিসেবে প্রমাণিত - এই তথ্যের উপর ভিত্তি করে মোবাইল ফোন ব্যবহারে নিয়ন্ত্রণ আনার আবেদন জানিয়ে প্রতিবেদন রচনা করুন |

## *মডিউল 1*

**17. যে কোন তিনটি প্রশ্নের উত্তর লিখুন |** 2 x 3 = 6

a) গণজ্ঞাপনের চিরাচরিত মাধ্যম বলতে কী বোঝায়?

b) গণজ্ঞাপনের চিরাচরিত মাধ্যম কোন দেশে এটির নাম ‘জনপদম’?

c) ভারতের প্রথম সংবাদপত্র কোথায় চালু হয়েছিল?

d) সংবাদপত্রটির প্রকৃত এবং ব্যবহৃত নাম উল্লেখ করুন |

e) কত সালে সংবাদপত্রটি প্রকাশিত হয় |

18. চিরাচরিত মাধ্যমের দুটি সুবিধা ও দুটি অসুবিধা উল্লেখ করুন | 2+2

## *মডিউল 2*

**17. যে কোন তিনটি প্রশ্নের উত্তর লিখুন |** 2 x 3 = 6

a) খাজুরাহো ভাস্কর্যের ক্ষতির কারণ কি ?

b) পর্যটনের সমস্যাকে মোট কয়টি ভাগে বিভক্ত করা যায় ?

c) পর্যটনকে পরিষেবা শিল্প বলা হয় কেন ?

d) গণমাধ্যম সমাজের রুচিবোধকে কিভাবে ক্ষুন্ন করে তা নিজের ভাষায় লিখুন।

e) গণমাধ্যমে প্রচারিত বিজ্ঞাপন কিভাবে সমাজের পক্ষে ক্ষতিকর হতে পারে একটি উদাহরণ দিয়ে বর্ণনা করুন।

18. গণমাধ্যমের গণমাধ্যমের সংস্কৃতিক সমস্যা উল্লেখ করুন। 2+2

<u>উত্তরপত্র</u>

<u>বিভাগ ক</u>

| | | |
|---|---|---|
| 1. | a) সব্যসাচী | iv) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| | b) নারী | iii) কাজী নজরুল ইসলাম |
| | c) নাজমা | ii) নবনীতা দেব সেন |
| | d) আরণ্যক | i) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় |

2. a) পরোপকারী পরম ধর্ম ।

b) আমি তোমার ধর্মের সহায় ।

c) থামো ! থামো মার্জারপন্ডিত ।

d) সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধন বৃদ্ধি ।

3. c)

4. a) ii)

b) i)

c) iv)

d) iii)

5. a) মানুষের

b) তরুণ যুবক

c) বাল্যশিক্ষার

d) রত্নময়

e) তিনটি

বিভাগ খ

6. a) সত্য

b) মিথ্যা

c) সত্য

d) সত্য

e) সত্য

f) মিথ্যা

g) সত্য

7.a) পুত্রের বধু

b) অন্য ভাষা

c) মরার জন্য কান্না

d) সত্য বলে যে

e) আধ (অর্ধ) ভাবে ময়লা

f) নীল যে কমল

g) কীর্তি প্রকাশক মন্দির

h) পীত অম্বর (কাপড়) যার

8. i) b) কমলাকান্তের দপ্তর

ii) c) সুবিচারক

iii) a)বিড়াল

iv) a) প্রসন্ন।

v) a) ধনীর ধনবৃদ্ধি

9.i) a) রূপগত দিক

ii) b) পদ্মাবতী

iii) b) ভুবন

iv) b) গিরিশ খুড়োর

v) b) মহিষের মেলা

vi) a) পদ্মা

vii) b) অন্ধকার যুগ

viii) c) অপরাধ অস্বীকার করার বাহানা

ix) c) কুমেরু

x) b) সুদীপ্তা

xi) a) শীত

xii) a) গঙ্গাসাগরের বুকে

xiii) b) দৌলতকাজী

xiv) d) চন্দনের

xv) a) একতারা

xvi) c) কবি

xvii) d) ৩০-৩২

xviii) a) ওয়াজেদ আলী

xix) d) তাজমহল

xx) a) লক্ষ্মী

## বিভাগ গ

10. a) কুমেরু

b) অমাবস্যা

c) তামসিক

d) পদ্মাবতীর

11. a) কথাটি পাচনদের হাতের এক পাইকার বলেছিল |

b) রংলালের কাছ থেকে তাকে সরিয়ে দেওয়ার জন্য |

c) বিবাহের আচার অনুষ্ঠানের সাথে স্বামী ও স্ত্রীর একাত্ম হবার বার্তা কে বিবাহ মঙ্গল শব্দের দ্বারা ইঙ্গিত করা হয় |

d) মঙ্গলকাব্যে মূলত তিন ধরনের কাব্যের সন্ধান পাওয়া যায় | যথা - মনসামঙ্গল, ধর্মমঙ্গল ও চন্ডীমঙ্গল |

e) চৈতন্য পরবর্তী কবি গোবিন্দ দাস, জ্ঞানদাস

চৈতন্য পূর্ববর্তী কবি চন্ডীদাস, বিদ্যাপতি

12. a) মরা লোকে কি আর কথা কয় ?

b) সত্য বাবু কথা বললেন না |

c) সকল পর আপন হয়েছে |

d) কথাটা সম্পূর্ণ সত্য |

e) পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নাম সকলেই শুনেছেন |

f) যদি বৃষ্টি হয় তবে ভেজা যাবে না |

g) এমন কাজ কখনোই করো না |

h) কি সাহস তোমার !

13. বালক বয়স তোমার, তোমাকে এতটা দূরে ঘর-দুয়ার মা ভগিনী ছাড়িয়া আসিতে হইয়াছে আর আমাকে হইতে পারে না ? পকেট হইতে ঘড়ি বাহির করিয়া দেখিয়া কহিলেন, আমার সময় নাই কিন্তু তোমার তো অফিসে যাইবার এখনো অনেক দেরী আছে | চল না বাবা, পথে যাইতে যাইতে দুইটা কথা শুনি | কতকাল যে তোমাদের সংবাদ লইতে পারি নাই তাহার ঠিক নাই | (সাধু)

14. পাঠ্য বিষয় ভালোভাবে বুঝতে হবে |

নোট ছোট আকারে গ্রহণ করতে হবে |

বিষয় ধরে ধরে নোট করতে হবে।

পুরো বাক্য নোট করা অবাঞ্ছনীয়।

যতদূর সম্ভব শব্দ সংক্ষেপ এবং প্রতীক ব্যবহারে গুরুত্ব দিতে হবে।

পরপর যুক্তি বসিয়ে বিষয়টি সাজিয়ে নেওয়া বাঞ্ছনীয়।

অলংকার ও বিশেষ অর্থসূচক শব্দগুচ্ছ প্রয়োগ না করাই ভালো।

15.সংসারে ন্যায় - অন্যায়, পাপ - পুণ্য উভয়ই আছে। সৃষ্টিকর্তা শ্রেষ্ঠ জীব মানুষের ওপরে প্রাণ নির্বাচন করার দায়িত্ব এবং ন্যায়ের দন্ড অর্পণ করেছেন। সৃষ্টিকর্তার প্রতিনিধি হিসেবে মানুষ সত্য ও ন্যায়ের গুরু দায়িত্ব পালন করবে, এই ছিল ঈশ্বরের একান্ত কাম্য। মানুষের ধর্ম হল সংসারের সব লোভ মোহ কাটিয়ে সত্যের পথ অনুসন্ধান এবং অনুসরণ করা। ক্ষমা কখনোই দুর্বলতা নয়, কাপুরুষতা ভীরুতা যেন সত্যকে গ্রাস করতে না পারে অন্যায় যে করে কেবল সে অপরাধী নয় যে সেই অন্যায়কে সহ্য করে সেও অপরাধী।

অথবা

বর্তমান সভ্যতায় গ্রাম ও শহরের অর্থনৈতিক অবস্থার চাঁদের এক পিঠের অন্ধকার ও অন্য পিঠের আলোর মতো। অন্নের উৎপাদন গ্রামে হলেও সেখানকার মানুষ সেই অন্ন ভক্ষণ করতে অক্ষম থাকেন অথচ তা শহরে পৌঁছে যায়। শহরের মুষ্টিমেয় মানুষই দেশের সমস্ত ঐশ্বর্য ভোগ করে থাকেন।

16. প্রতিবেদনের নিয়ম অনুসরণ করে লিখতে হবে।

***মডিউল 1***

17. a) আধুনিক বৈদ্যুতিক প্রক্রিয়া ও মুদ্রিত মাধ্যম ছাড়াই যে সমস্ত উপকরণের মাধ্যমে যুগে যুগে পুরুষানুক্রমে বা গনজ্ঞাপনের কাজ চলে এসেছে সে সব মাধ্যমকেই গণজ্ঞাপনের চিরাচরিত মাধ্যম হিসেবে গণ্য করা হয়।

b) অন্ধপ্রদেশে গণজ্ঞাপনের চিরাচরিত মাধ্যমকে 'জনপদম' বলে সংজ্ঞায়িত করা হয়েছে।

c) ভারতের প্রথম সংবাদপত্র চালু হয় কলকাতায়।

d) হকিংস গেজেট ছিল প্রথম সংবাদপত্র যা বেঙ্গল গ্যাজেট বা ক্যালকাটা অ্যাডভার্টাইজার নামেও প্রসিদ্ধ ছিল।

e) ১৭৮০ সালে অগাস্টাস হিকি'র মাধ্যমে প্রকাশিত হয়েছিল।

18. সুবিধা

- জীবনযাপনের অঙ্গ।

- জাতি - ধর্ম নির্বিশেষে সব বয়সের মানুষের কাছে গ্রহণীয় |

অসুবিধা

- সবাই অংশ নিতে পারে বলে অংশগ্রহণকারীর সংখ্যা বেশি হতে পারে | কিন্তু সবার সমান কাজ সমান জনপ্রিয়তা হয় না |
- আধুনিক জীবনের প্রতিফলন থাকে না, কারণ এক অঞ্চলের জনপ্রিয় নাও হয়ে উঠতে পারে |

***মডিউল 2***

17. a) রানওয়ে মন্দিরের কাছে বলে বিমান ওঠা নামার ক্ষেত্রে কম্পন অনুভূত হয় |

b) তিনটে (পরিবেশের উপর নেতিবাচক প্রভাব, স্থানীয় অর্থনীতির উপর চাপ ও স্থানীয় সংস্কৃতির ওপর নেতিবাচক প্রভাব) |

c) এই শিল্প পর্যটকদের প্রয়োজনীয় ও আকাঙ্ক্ষিত বিভিন্ন ধরনের পরিষেবা যোগান দেয় |

d) কুরুচিকর বিজ্ঞাপন করে |

e) প্রয়োজনের অতিরিক্ত পণ্য কিনতে উৎসাহী করে তোলে | নিজস্ব বিচার করার ক্ষমতা হারিয়ে যায় | খারাপ দ্রব্যাদি বিজ্ঞাপনের চাকচিক্যে উপকারি প্রতিপন্য হয় |

18. আমাদের দেশ অর্থনৈতিকভাবে কিছুটা পিছিয়ে আছে | সমাজের একটা বড় অংশ দারিদ্র্যসীমার নিচে যারা নিজেদের মৌলিক চাহিদা পরিপূর্ণ করতেও অসামর্থ্য | তাদের পক্ষে কাগজ, টিভি, রেডিও ইত্যাদি বিনোদন বা প্রয়োজনীয় গণমাধ্যমের উপকরণ জোগাড় করা দুর্বিসহ বলা চলে | যেখানে মৌলিক চাহিদা পরিপূর্ণ হয় না সেখানে শিক্ষা বিলাসিতার রূপ নেয় | ফলে নিরক্ষরতার সমস্যা গণমাধ্যমকে আরো দূরে সরিয়ে দিতে সাহায্য করছে | নানা প্রকার কুসংস্কার ও প্রগতি বিরোধিতা এদের মনে বাসা বেধে রয়েছে |